বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৯২ তারিখ: ৩০ ভাদ্র , ১৪৩০ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৮২ তম কমিশন সভা অদ্য ১৪/০৯/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

কমিশন অদ্যকার সভায়, সার্বিক বিবেচনায় Sikder Insurance Company Limited এর আবেদনের প্রেক্ষিতে Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 অনুযায়ী প্রতিটি ১০.০০ টাকা অভিহিত মূল্যে (face value) ১,৬০,০০,০০০ টি সাধারণ শেয়ার সর্বমোট ১৬.০০ কোটি টাকা প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে পুঁজি উত্তোলনের অনুমোদন দেয়া হয়। বর্ণিত টাকা উত্তোলনের মাধ্যমে IDRA বিধান মোতাবেক বাধ্যতামূলকভাবে পুঁজিবাজারে তালিকাভুক্তি নিশ্চিত করার পাশাপাশি কোম্পানিটি ১৬.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ফিক্সড ডিপোজিট, ক্যাপিটাল মার্কেটে বিনিয়োগ, ফ্লোর ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাবের ব্যয় নির্বাহ করবে। কোম্পানিটির সর্বশেষ প্রকাশিত ৩১ ডিসেম্বর ২০২২ সালে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন বাদে শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share without revaluation surplus) ২৮.৭৩ টাকা, শেয়ার প্রতি আয় (EPS) ১.২২ টাকা। কোম্পানিটি সাধারণ বীমা খাতে ব্যবসায় পরিচালনা করে। বর্ণিত আইপিও এর ইস্যু ম্যানেজার এবং অবলেখক হিসেবে দায়িত্ব পালন করছে সোনার বাংলা ক্যাপিটাল ম্যানেজম্যান্ট লিমিটেড এবং নিরীক্ষক হিসেবে কাজ করেছে জি. কিবরিয়া এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস। উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না।

14-09-2023

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র